গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪). ৩৯৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৫ খ্রি.

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মার্চ, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. আবদুল জলিল, মহাপরিচালক |
| সভার তারিখ | ১১ মার্চ, ২০২৫ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০টায় |
| স্থান | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সভাকক্ষে |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা:**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামান্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ফেব্রুয়ারি, ২০২৫ মাসে বাংলাদেশ আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসব থেকে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও তথ্যচিত্র ৪০টি এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট থেকে প্রামাণ্যচিত্র ও কাহিনীচিত্র ০৬টিসহ মোট ৪৬টি চলচ্চিত্র সংগ্রহ করা হয়। | সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়েছে। ফেব্রুয়ারি, ২০২৫ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (ফান্দে পাড়িয়া বগা কান্দে ও বাহাদুর) এবং ০৪টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |

**(খ) হিসাব শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বাজেট বাস্তবায়ন | ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৯ কোটি ৬৯ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি, ২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৪ কোটি ৮৫ লক্ষ ৬৫ হাজার ৪৭৯ টাকা যা মূল বাজেটের ৫০.০৯%। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ) হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৪। | অভ্যন্তরীন পরিষেবা থেকে আয় | ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি, ২০২৫ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৪,২৭,০৫২/- টাকা আয় হয়েছে, যা মোট আয়ের ১১.৩৯%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত ৯টি গবেষণাকর্মের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা ও গবেষণা সংক্রান্ত সর্বশেষ দিকনির্দেশনা প্রদানের জন্য বিশেষজ্ঞ কমিটির সভা ১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি, তারিখ অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) ২০২৫-২৬ অর্থবছরের প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহের মূল্যায়ন বিষয়ক বিশেষজ্ঞ কমিটি কর্তৃক সম্পন্ন হয়েছে।<br>(গ) ২০২৪-২৫ অর্থবছরের ৫টি গ্রন্থ ও ১টি জার্নাল মুদ্রণের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং উক্ত প্রতিষ্ঠানকে ৫টি গ্রন্থের প্রুফ রিডিং এ কাজ চলমান রয়েছে।<br>(ঘ) জার্নাল ২১তম সংখ্যায় প্রকাশের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রবন্ধসমূহের মূল্যায়নকারীর পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনের জন্য লেখকগণের নিকট প্রেরণ করা হয়েছে। | (ক) বিশেষজ্ঞ কমিটির দিকনির্দেশনা অনুযায়ী সংশোধিত গবেষণাপত্রের কপি অতি দ্রুত এ দপ্তরে জমাদানের জন্য গবেষকগণের সাথে যোগাযোগ করতে হবে।<br>(খ) প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহের মূল্যায়ন পর্যালোচনা বিষয়ক বিশেষজ্ঞ কমিটির সভা আহ্বান করতে হবে।<br>(গ) মুদ্রণের কার্যক্রম যথাসময়ে শেষ করার জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(ঘ) সংশোধিত প্রবন্ধসমূহ প্রাপ্তির পর প্রকাশের জন্য চূড়ান্ত প্রবন্ধ নির্বাচনের নিমিত্ত সম্পাদনা পরিষদের সভা আহ্বান করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ) স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | ফেব্রুয়ারি ২০২৫ মাসে দপ্তরের ০৩টি লিফট ও ০২টি ব্যাকআপ জেনারেটরের পিরিয়ডিক সার্ভিসিং কাজ করা হয়েছে। ২য় তলায় ফিল্ম মিউজিয়ামে ০৪টি আইপি ক্যামেরা স্থাপন করা হয়েছে। মিউজিয়াম কক্ষের অভ্যন্তরে, অডিটোরিয়ামের ভিতরে বাহিরে, ২য় তলা, ৪র্থ তলা ও ফিল্ম ভল্টসমূহের সামনে এলইডি ব্রাকেট লাইট, সিলিং লাইট, এলইডি স্কয়ার লাইট ইত্যাদি পরিবর্তনসহ কিছু নতুন লাইট স্থাপন করা হয়েছে। ৬ষ্ঠ তলায় ইন্টারনেট রাউটার পরিবর্তন করা হয়েছে। এছাড়া ভবনের রক্ষণাবেক্ষণ কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ ও যোগাযোগ করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। পাশাপাশি ভবনের মেইন গেইট হতে সড়ক অংশে টাইলস স্থাপন, ভবনের পেছনের অংশের দেয়াল ও বাউন্ডারি অংশ রং করার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ) এসএই-৪ |

**(ঙ) প্রশাসন শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | নিয়োগবিধির সারসংক্ষেপসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবের ১০ সেট ২২/০১/২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। টেলিফোনিক আলাপের প্রেক্ষিতে সামারি আপডেট করে প্রেরণ করা হয়েছে। | দ্রুত নিয়োগবিধি অগ্রায়নের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ), প্রশাসনিক কর্মকর্তা |
| ৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ সংশোধন এবং পরবর্তী কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া, শুদ্ধাচার, উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ৯। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ |
| ১০। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় জানুয়ারি, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ৯৮.৫৭% বলে সভাকে অবহিত করা হয় এবং ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সচেষ্ট থাকতে হবে। সকল শাখাকে ডি নথির সর্বোচ্চ ব্যবহার করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১১। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছতা সাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছতা সাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু রয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |
| ১২। | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা সকলকে অবহিত করা হয়। দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি সেমিনার আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ২৫ মার্চ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক অন্যান্য কার্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), |

**(চ) প্রকল্প বাস্তকবায়ন:**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। ৬২.৬৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির সংশোধিত বাস্তবায়নকাল জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫ পর্যন্ত। জুন, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৫.৯৩ কোটি টাকা। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপিতে ১৫.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ পর্যন্ত ৩.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত ব্যয় ৭১.৭৩ লক্ষ টাকা, যা এডিপি বরাদ্দের ৪.৭৮% ও অবমুক্তকৃত অর্থের ১৯.১৩%। জুন/২০২৪ পর্যন্ত বিশ্বের বিভিন্ন উৎস হতে মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৪৩৫টি অডিও ভিজ্যুয়াল ফুটেজ/ডকুমেন্টারি সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারভিত্তিক ৩২৮টি ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। মুক্তিযুদ্ধ সম্পর্কিত ২৩৯৪ ধরনের পুস্তক ও জার্নাল ক্রয় করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিপির তালিকাভুক্ত ২০ ক্যাটাগরির অফিস যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। ১টি ডিজিটাল সিনেমা প্রজেক্টর স্থাপনের কার্যসমাপ্তির সময়সীমা ০২.০৪.২০২৫ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ২৬.৫৬% ও ৩২%।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি সমাপনের প্রস্তাব আরডিপিপি ছকে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বর্ধিত সময়ের মধ্যে ডিজিটাল সিনেমা প্রজেক্টর প্রাপ্তি ও স্থাপন নিশ্চিত করার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |
| ১৪। | 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক নতুন প্রকল্প প্রস্তাব | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক একটি নতুন প্রকল্প প্রস্তাব ১৫.১২.২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৭.২০ কোটি টাকা এবং বাস্তবায়নকাল এপ্রিল ২০২৫ থেকে থেকে জুন ২০২৭ পর্যন্ত। প্রস্তাবিত মূল কার্যক্রম হচ্ছে (১) দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও-ভিজ্যুয়াল ফুটেজ সংগ্রহ, (২) সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি ৩০০টি, (৩) ইন্টারেক্টিভ ডিজিটাল আর্কাইভ ১টি এবং (৪) গণঅভ্যুত্থান বিষয়ক বিশেষায়িত ফিল্ম মিউজিয়াম তৈরি।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি চলতি অর্থবছরের আরডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্তকরণের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় সুপারিশপ্রাপ্ত হয়েছে। এছাড়া, প্রস্তাবিত প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত সভাটিও অর্থ বিভাগে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য ২৫.০২.২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান। | প্রকল্প অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/০৩/২৫
মো. আবদুল জলিল
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।